



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

[মূসক আইন ও বিধি শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৪.০০২.১৫/২৫০

তারিখ: ১৬ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
৩১ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের উপকরণ, যন্ত্র, যন্ত্রাংশ স্থানান্তর ও উৎপাদিত সিগারেট সরবরাহের ক্ষেত্রে পরিপালনীয় নির্দেশনা।

জাতীয় রাজস্ব বোর্ডের কর্তৃক মূল্য সংযোজন কর খাতের মধ্যে সিগারেট হতে সবচেয়ে বেশী রাজস্ব আদায় হয়ে থাকে। এ খাত থেকে রাজস্ব ফাঁকি রোধকল্পে ২০২১-২২ অর্থবছরের বাজেটে তামাকজাত পণ্যের ক্ষেত্রে কেন্দ্রীয় নিবন্ধন প্রযোজ্য হবে না মর্মে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ৫ এর উপধারা (১ক) সংযোজন করা হয়। এর পাশাপাশি তামাকজাত পণ্যের মূল্য নির্ধারণ, কর আরোপ ইত্যাদি ক্ষেত্রে ধারা ৫৮ এর বিশেষ পরিকল্পের অধীন কতিপয় প্রজ্ঞাপন এস.আর.ও জারী করা হয়েছে। এই প্রেক্ষাপটে ব্যবসার পদ্ধতিগত বিষয়সমূহ সহজীকরণের লক্ষ্যে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫৮ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে শুধুমাত্র সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠান কর্তৃক উপকরণ, যন্ত্র, যন্ত্রাংশ স্থানান্তর এবং উৎপাদিত সিগারেট সরবরাহের লক্ষ্যে নিয়োক্ত পদ্ধতি অনুসরণীয় হবে, যথা:-

- (ক) সিগারেটের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্কসহ অন্যান্য শুল্ক করাদি যেহেতু কারখানা পর্যায়েই পরিশোধিত হয় সুতরাং কোন সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের যে কোন একটি সিগারেট উৎপাদনকারী কারখানা, লিফ প্রসেসিং ইউনিট, ডিপো/ওয়ারহাউস ইত্যাদির মূসক নিবন্ধন একত্রে গ্রহণ করা যাবে অর্থাৎ এক্ষেত্রে ফরম মূসক-২.১ এ মূল কারখানার সাথে লিফ প্রসেসিং ইউনিট, ডিপো/ওয়ারহাউস ইত্যাদি অন্তর্ভুক্ত করে মূসক নিবন্ধন গ্রহণ করা যাবে;
- (খ) ক্রমিক (ক) এ বর্ণিত ইউনিটসমূহের মধ্যে 'পরিশিষ্ট-ক' এ উল্লিখিত ফরমের মাধ্যমে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হার শূন্য শতাংশ (০%) উল্লেখপূর্বক উপকরণ, যন্ত্র এবং যন্ত্রাংশ আদান-প্রদান করা যাবে;
- (গ) লিফ প্রসেসিং ইউনিট, ডিপো/ওয়ারহাউস ইত্যাদি ইউনিটসমূহের অনুকূলে কোন সরবরাহ গ্রহণের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন প্রযোজ্য হলে সংশ্লিষ্ট সিগারেট উৎপাদনকারী কারখানার মূসক নিবন্ধনের বিপরীতে উক্ত উৎসে মূসক কর্তন করতে হবে;
- (ঘ) যদি একই মালিকানাধীন কোন প্রতিষ্ঠানের একের অধিক সিগারেট উৎপাদনের কারখানা থাকে তবে আইনের ধারা ৫ এর উপ-ধারা (১ক) প্রতিপালনের জন্য প্রতিটি কারখানার জন্য পৃথক মূসক নিবন্ধন গ্রহণ করতে হবে। এরূপ ক্ষেত্রে ক্রমিক (ক) অনুসরণপূর্বক যে কোন একটি সিগারেট

উৎপাদনকারী কারখানার সাথে লিফ প্রসেসিং ইউনিট, ডিপো/ওয়ারহাউস ইত্যাদির মূল্য নিবন্ধন একত্রে গ্রহণ করা যাবে এবং উহাদের মধ্যে 'পরিশিষ্ট-ক' এ উল্লিখিত ফরমের মাধ্যমে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হার শূন্য শতাংশ (০%) উল্লেখপূর্বক উপকরণ, যন্ত্র এবং যন্ত্রাংশ আদান-প্রদান করা যাবে;

- (ঙ) সিগারেটের উপর প্রযোজ্য শুল্ক-করাদি যেহেতু উৎপাদন পর্যায়েই আদায় হয়ে থাকে সুতরাং একই মালিকানাধীন একাধিক কারখানার পণ্য উক্ত মালিকানাধীন প্রতিষ্ঠানের যে কোন ডিপো/ওয়ারহাউসের মাধ্যমে বাজারে সরবরাহ করা যাবে;
- (চ) যে কোন কারখানার মূল্য নিবন্ধনের মধ্যে বন্ডেড ওয়ারহাউস অন্তর্ভুক্ত থাকলে বন্ড সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত শর্তাবলী পরিপালন সাপেক্ষে উক্ত বন্ডেড ওয়ারহাউসে রক্ষিত ইন-বন্ডকৃত উপকরণ শুল্ক-করাদি পরিশোধ করে এক কারখানা হতে অন্য কারখানায় 'পরিশিষ্ট-ক' এ উল্লিখিত ফরমের মাধ্যমে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হার শূন্য শতাংশ (০%) উল্লেখপূর্বক সরবরাহ করা যাবে;
- (ছ) উৎপাদিত সিগারেট সরবরাহের ক্ষেত্রে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও/আদেশসমূহ পরিপালনপূর্বক সরবরাহ করতে হবে।

পরিশিষ্ট 'ক'

সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানের উপকরণ, যন্ত্র ও যন্ত্রাংশ স্থানান্তরের জন্য ফর্ম

প্রতিষ্ঠানের নাম:

প্রতিষ্ঠানের বিআইএন:

প্রেরণকারী ইউনিট/শাখা/পণ্যগারের নাম ও ঠিকানা:

গ্রহীতা ইউনিট/শাখা/পণ্যগারের নাম ও ঠিকানা:

চালান নম্বর:

ইস্যুর তারিখ:

ইস্যুর সময়:

ক্রমিক নং	উপকরণ/যন্ত্র/ যন্ত্রাংশের নাম	পরিমাণ	কর ব্যতীত মূল্য	প্রযোজ্য করের হার ও পরিমাণ	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)

দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম:

পদবী:

স্বাক্ষর:

সীল:

ই-মেইল:

ফোন নাম্বার:

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

Rashed
৩১/০৮/২১

[কাজী রেজাউল হাসান]

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)

ফোন: ৮৩১৮১২০, এক্স: ৩৪৮

ই-মেইল: vatpolicy@gmail.com

প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-১২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা (পূর্ব)/
ঢাকা(পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।

- ১৩। ব্যবস্থাপনা পরিচালক, ব্রিটিশ আমেরিকান টোব্যাকো (বাংলাদেশ) কোং লিঃ, নিউ ডিওএইচএস রোড, মহাখালী, ঢাকা।
- ১৪। ব্যবস্থাপনা পরিচালক, ইউনাইটেড ঢাকা টোব্যাকো কোং লিঃ, লেভেল- ৯, ১০, ১১ এবং ১২, রেঞ্জ আরডি সেন্টার, প্লট-এসই(এফ)৩, গুলশান এভিনিউ, ঢাকা।
- ১৫। ব্যবস্থাপনা পরিচালক, আবুল খায়ের টোব্যাকো কোং লিঃ, ২৩২/২৬১২, ঢাকা ট্রাংক রোড, পাহাড়তলী, চট্টগ্রাম।

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৪.০০২.১৫/২৫০ (৬৬)

তারিখঃ ৩১ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-৬। সদস্য (মুসক: বাস্তবায়ন ও আইটি)/ (মুসক: নীতি)/ (মুসক: নিরীক্ষা ও গোয়েন্দা)/ (কাস্টমস: নীতি)/ (কাস্টমস: রপ্তানি ও বন্দ)/ (কাস্টমস: নিরীক্ষা ও আধুনিকায়ন ও আন্ত: বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৭। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
- ৮-১৩। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি, কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।
- ১৪-১৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
- ১৮। মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মুসক, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
- ১৯। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চট্টগ্রাম সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
- ২০। মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, চট্টগ্রাম।
- ২১। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২২। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ২৩। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Rashed
৩১/০৮/২১

(কাজী রেজাউল হাসান)
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)
ফোন: ৮৩১৮১২০, এক্স: ৩৪৮
ই-মেইল: vatpolicy@gmail.com